# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**06-04-2026** **Time: 1.40 PM**

---

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) রাজ্যে বিধানসভা নির্বাচনে প্রথম দফার জন্য মনোনয়ন জমা দেওয়ার আজই শেষ দিন।

২) সুপ্রিম কোর্টে আজ ফের রাজ্যে এস আই আর সংক্রান্ত মামলার শুনানি।

৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিজেপির প্রতিষ্ঠা দিবসে আজ এক বার্তায় বলেছেন, পশ্চিমবঙ্গ এবং কেরালামে দলীয় কর্মীরা হিংসার শিকার হলেও তারা ভয় পাননি।

৪) মালদার কালিয়াচকে বিচারবিভাগীয় আধিকারিকদের ঘেরাওয়ের ঘটনায় গাফিলতির অভিযোগে আইনশৃঙ্খলা বিষয়ক অতিরিক্ত জেলাশাসককে শোকজ করা হয়েছে।

৫) ইডেনে আইপিএল এর ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, পাঞ্জাব কিংসের বিরুদ্ধে খেলবে।

-------------------------------------------------------------------------------------------

রাজ্যে বিধানসভা নির্বাচনে প্রথম দফার জন্য মনোনয়ন জমা দেওয়ার আজই শেষদিন। আগামীকাল জমা পড়া মনোনয়নপত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ৯ই এপ্রিল। এই পর্যায়ে ১৫২টি আসনে আগামী ২৩ শে এপ্রিল ভোট নেওয়া হবে।

এদিকে, দ্বিতীয় দফায় আগামী ২৯শে এপ্রিল ভোট গ্রহণের জন্য মনোনয়ন জমা দেওয়ার কাজ চলছে। প্রার্থীপদ দাখিল করা যাবে ৯ই এপ্রিল পর্যন্ত।

-----------------------

সুপ্রিম কোর্টে আজ ফের রাজ্যে এস আই আর সংকান্ত মামলার শুনানি। প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচাপতি জয়মাল্য বাগচি এবং বিচারপতি বিপুল এম পাঞ্চলির বেঞ্চে বিকেলে মামলাটি ওঠার কথা। গত পয়লা এপ্রিল শীর্ষ আদালত নির্বাচন কমিশনকে অ্যাপিলেট ট্রাইব্যুনালের কাজ শুরু করার পাশাপাশি আজকের মধ্যে অ্যাডজুডিকেশনের কাজ সম্পূর্ণ করার নির্দেশ দেয়। মালদার কালিয়াচকে বিবেচনাধীন তালিকার নিষ্পত্তির কাজে নিযুক্ত ৭ বিচারবিভাগীয় আধিকারিককে ঘেরাও-এর ঘটনায় দোসরা এপ্রিল সি বি আই বা এন আই এ তদন্তের নির্দেশ দেয় সুপ্রিম কোর্ট। সেই অনুযায়ী এন আই এ-কে ঘটনার তদন্তের দায়িত্ব দেয় নির্বাচন কমিশন । সর্বোচ্চ আদালতে জাতীয় তদন্ত সংস্থা আজ প্রাথমিক রিপোর্ট দিতে পারে বলে জানা গেছে।

এদিকে, রাজ্যে বিবেচনাধীন ভোটারদের তথ্য যাচাই-এর কাজ প্রায় শেষ পর্বে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। গতকালই প্রকাশিত হয়েছে একাদশতম অতিরিক্ত তালিকা। বাকি বিবেচনাধীনদের নামগুলির নিঃপত্তি হবে আজকের মধ্যেই। প্রাথমিক এই বিচারপর্বের পর কোন অভিযোগ থাকলে বিচার চেয়ে ট্রাইব্যুনালে আবেদন জানানো যাবে।

-----------------------

ভারতীয় জনতা পার্টি-র ৪৭ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে প্রবীণ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দলীয় কর্মী-সমর্থকদের শুভেচ্ছা জানিয়েছেন।

সমাজমাধ্যমে এক ভিডিও বার্তায় বিজেপি কর্মীদের প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেন, তারা ভারত প্রথম এই নীতিকে মাথায় রেখে দেশসেবার আদর্শ নিয়ে কাজ করছে।

পশ্চিমবঙ্গ এবং কেরালামে হিংসার রাজনীতির শিকার হয়েছেন বহু দলীয় কর্মী। তারপরেও বিজেপি কর্মীরা ভয় পাননি। কঠিন পরিস্থিতিতেও অফুরন্ত প্রাণ শক্তি নিয়ে তারা এগিয়ে চলেছেন বলে তিনি জানান।

বাইট প্রধানমন্ত্রী

-----------------------

বিজেপির প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আজ কলকাতায় দলের সদর কার্যালয়ে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য সেখানে দলীয় পতাকা উত্তোলন করেন এবং শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান। এক সোশ্যাল মিডিয়া বার্তায় রাজ্য সভাপতি বলেন, এই দিনটি অসংখ্য ত্যাগ, সংগ্রাম ও আত্মনিবেদনের অমূল্য ইতিহাস। দলের অগণিত কর্মীর নিরলস পরিশ্রম এবং অটল বিশ্বাস দিনটির সঙ্গে জড়িয়ে আছে। আজকের দিনটি অতীতকে স্মরণ করার পাশাপাশি দেশ সেবায় অবিচল থাকার শপথ গ্রহণের দিন বলে শ্রী ভট্টাচার্য মন্তব্য করেন।

-----------------------

বরিষ্ঠ বিজেপি নেতা, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং দলীয় কর্মসূচিতে যোগ দিতে আজ রাজ্যে আসছেন। দলীয় সূত্রে জানা গেছে, সন্ধ্যায় তিনি কলকাতা বিমানবন্দরে এসে পৌঁছবেন। আগামীকাল তিনি ব্যারাকপুরে বিধানসভা নির্বাচনে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা এবং রোড শো করবেন।

------------------------

বিধানসভা নির্বাচন এগিয়ে আসার সঙ্গে জমে উঠেছে প্রচারাভিযান।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ নদীয়ার পলাশীপাড়া, কালিগঞ্জ এবং নাকাশিপাড়ায় দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচারে যোগ দিয়েছেন। নাকাশিপাড়ার বেথুয়াডহরীতে এক জনসভায় বিভিন্ন ইস্যুতে কেন্দ্রীয় সরকারের সমালোচনায় সরব হন। রাজ্য থেকে আইপিএস আইএস দের ভোটের সময়ে অন্য রাজ্যে নিয়ে যাওয়া নিয়ে তীব্র ক্ষোভ ব্যক্ত করে মুখ্যমন্ত্রী বলেন, বিশেষ উদ্দেশ্য নিয়ে নিয়ে অন্য রাজ্যের আমলাদের এরাজ্যে নিয়ে আসা হচ্ছে।

------------------------

রাজ্যে বিধানসভা নির্বাচন ঘোষণার সঙ্গেই শুরু হয়েছে জোরদার প্রস্তুতি। **জলপাইগুড়িও** তার ব্যতিক্রম নয়।

ভোটের দিনএগিয়ে আসায়, জেলায় বাড়ছে নির্বাচনী উত্তাপ। এক নজরে দেখে নেওয়া যাক এই জেলার ভোটচিত্র।

**একটি প্রতিবেদন-ভিসি**

------------------------

মুর্শিদাবাদের খড়গ্রামে বিজেপির মিছিলে হামলা ও প্রার্থীকে মারধরের অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। ঘটনায় দু'জনকে আটক করা হয়েছে। গতকাল বালিয়া গ্রামের শেখপাড়ায় বিজেপি প্রার্থী প্রচারে গেলে তাদের বাধা দেওয়া হয় এবং মারধোর করা হয় বলে অভিযোগ।

------------------------

পুরুলিয়ার মানবাজার বিধানসভা আসনে প্রার্থী বদল করেছে সিপিআইএম। সোনামনী টুডুর বদলে শান্তীমনি মুর্মুকে প্রার্থী করা হয়েছে বলে খবর। উল্লেখ্য তপশিলি উপজাতির জন্য সংরক্ষিত মানবাজার বিধানসভায় সোনামণি টুডুর কাস্ট সার্টিফিকেট নিয়ে প্রশ্ন দেখা দেয়। বিষয়টি গড়ায় হাইকোর্ট পর্যন্ত। এরপরই হঠাৎ প্রার্থী বদলের সিদ্ধান্ত হয় সিপিএমের অন্দরে।

------------------------

মুর্শিদাবাদের রানিনগরের চর মৌরুসী সীমান্তে অনুপ্রবেশের সময় বাংলাদেশি এক যুবককে আটক করে পুলিশের হাতে তুলে দিয়েছে বিএসএফ। ধৃত অজিত ওরাঁও রাজশাহী জেলার তেলেপাড়ার বাসিন্দা। গতকাল কৃষকের বেশে ভারতে ঢুকতে গেলে বিএসএফ জওয়ানদের হাতে ধরা পড়ে সে।

------------------------

মালদার কালিয়াচকে বিচারবিভাগীয় আধিকারিকদের ঘেরাওয়ের ঘটনায় পরিস্থিতি সামাল দেওয়ার ক্ষেত্রে গাফিলতির অভিযোগে আইনশৃঙ্খলা বিষয়ক অতিরিক্ত জেলাশাসক শেখ আনসার আহামেদকে শোকজ করা হয়েছে।

এই ঘটনায় কেন তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে না, তা জানতে চেয়ে ৭ দিনের মধ্যে লিখিত জবাব দিতে বলা হয়েছে। নির্দিষ্ট সময়ের মধ্যে সন্তোষজনক উত্তর না পেলে একতরফা শাস্তিমূলক প্রক্রিয়া শুরু করা হবে বলেও সতর্ক করা হয়েছে।

পয়লা এপ্রিল জেলার পরিস্থিতি উত্তেজনাপূর্ণ থাকার কারণে সংশ্লিষ্ট আধিকারিককে বিশেষ দায়িত্ব দেওয়া হয়েছিল। ওই দিন সকালেই তাঁকে পরিস্থিতির উপর কড়া নজর এবং প্রশাসনের সঙ্গে সমন্বয় বজায় রাখতে নির্দেশ দেওয়া হয়।

অভিযোগ, ওই দিন বিকেল সাড়ে ৩টা থেকে রাত সাড়ে ৮টা পর্যন্ত গুরুত্বপূর্ণ পাঁচ ঘণ্টা সময়ের মধ্যে তিনি পরিস্থিতির গুরুত্ব সম্পর্কে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করেননি। ফলে প্রশাসনের পক্ষে সময়মতো পদক্ষেপ নেওয়া কঠিন হয়ে পড়ে।

নোটিসে আরও বলা হয়েছে, সংশ্লিষ্ট আধিকারিক ওই সময় মহকুমাশাসক ও বিডিও-র সঙ্গে যোগাযোগে ছিলেন, অর্থাৎ পরিস্থিতি সম্পর্কে অবগত ছিলেন। তবুও ঊর্ধ্বতন স্তরে যথাযথ রিপোর্ট না করা গুরুতর দায়িত্বজ্ঞানহীনতার পরিচায়ক।

---------------------

বেহালার পর্ণশ্রীতে বিজেপির দলীয় কার্যালয়ে ভাঙচুরের অভিযোগে পুলিশ ৬ জনকে গ্রেফতার করেছে। ধৃত কাজল রায়, তাপস আইচ, পূরণ গুরুং, মন্টি সিং, দেবাশিষ নাগ এবং আকাশ থাপা তৃণমূল কংগ্রেস কর্মী বলে পুলিশ সূত্রের খবর। নির্বাচন কমিশনের নির্দেশে তৃণমূল কংগ্রেস প্রার্থী রত্না চট্টোপাধ্যায়ের বিরুদ্ধে আগেই এফআইআর দায়ের হয়েছে।

উল্লেখ্য, গতকাল দুপুরে বেহাল পশ্চিম বিধানসভার পর্ণশ্রী এলাকায় বিজেপি-র দলীয় কার্যালয়ে তৃণমূল কংগ্রেস কর্মীরা হামলা চালায় বলে অভিযোগ। ছিঁড়ে দেওয়া হয় দলের পোস্টার ও ব্যানার।

অভিযোগ পেলেও দীর্ঘক্ষণ পুলিশ কোনও পদক্ষেপ করেনি বলে অভিযোগ করেছেন বেহালা পশ্চিমের বিজেপি প্রার্থী ইন্দ্রনীল খাঁ। যদিও বিদায়ী বিধায়ক রত্নার দাবি শাসকদল এই ঘটনায় জড়িত নয়।

---------------------

ভবানীপুরে বাড়ি বাড়ি প্রচারের সময় সাদা পোষাকের পুলিশ লাগাতার তাঁকে অনুসরণ করছে বলে নির্বাচন কমিশনে অভিযোগ জানিয়েছেন বিরোধী দলনেতা, তথা এই আসনে বিজেপি প্রার্থী শুভেন্দু অধিকারী। গতকাল এক্সহ্যান্ডেলে এক পোস্টে শুভেন্দুবাবু লেখেন, ভবানীপুরে গণতন্ত্রের ওপর আক্রমণ হচ্ছে। তৃণমূল কংগ্রেস কলকাতা পুলিশকে ব্যক্তিগত নজরদারি বাহিনী হিসেবে বেপরোয়াভাবে ব্যবহার করছে। শুভেন্দু অধিকারী বলেন, তাঁর সঙ্গে কথা বলা প্রতিটি ভোটারের নাম ঠিকানা সংগ্রহ করা হচ্ছে, যাতে পরে তাদেরকে ভয় দেখানো যায়। কমিশনকে এব্যাপারে অবিলম্বে ব্যবস্থা গ্রহণেরও আবেদন জানিয়েছেন তিনি।

----------------------

এম জি রোড মেট্রো স্টেশনের ডাউন লাইনে এক ব্যক্তি ঝাঁপ দিয়ে আত্মহত্যার চেষ্টা করলে আজ সকাল সাড়ে এগারোটা থেকে ঘন্টাখানেক পরিষেবা ব্যহত হয়। এই সময় ময়দান থেকে শহিদ ক্ষুদিরাম এবং দক্ষিণেশ্বর থেকে দমদম স্টেশন পর্যন্ত মেট্রো চলাচল করছিল। সপ্তাহের প্রথম দিনেই মেট্রো বিভ্রাটে দুর্ভোগে পড়েন যাত্রীরা।

----------------------

নিম্নচাপ অক্ষরেখা এবং প্রচুর পরিমাণ জলীয় বাষ্প স্থলভাগে প্রবেশ করায় রাজ্যজুড়ে আগামী বৃহস্পতিবার পর্যন্ত বৃষ্টির সম্ভাবনা। আজ পুরুলিয়া, ঝাড়গ্রাম পূর্ব ও

পশ্চিম মেদিনীপুর জেলায় ঝোড়ো হাওয়া ও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাস রয়েছে। উত্তরবঙ্গের উত্তরের জেলাগুলিতেও হালকা থেকে মাঝারি বৃষ্টি হবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর এর বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।

---------------------

ইডেনে আইপিএল এর ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, পাঞ্জাব কিংসের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। কেকেআর তাদের খেলা প্রথম দুই ম্যাচে পরাজিত হয়েছে।

--------------------- ---------------------